BURNPUR CEMENT LIMITED

Registered Office: 7/1 Anandilal Poddar Sarani (Russel Street)
5th Floor, Flat No.: 5B, Kanchana Building, Kolkata-700071
Phone: 033-4003 0212
CIN: L27104WB1986PLC040831
Website: www.burnpurcement.com
Email: cs@burnpurcement.com

Dated: August 29, 2026

To National Stock Exchange of India Limited Exchange Plaza, Plot No. C/1, G-Block Bandra- Kurla Complex, Bandra (E) Mumbai – 400051 NSE Symbol – BURNPUR	To BSE Limited 1st Floor, New Trading Ring Rotunda Building P. J. Towers, Dalal Street Fort Mumbai- 400001 BSE Scrip Code – 532931

Dear Sir/Madam,

Sub: Newspaper Advertisement titled 'Public Notice - 40th Annual General Meeting'

Pursuant to Regulation 30 and 47 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, please find enclosed herewith copies of the newspaper advertisements dated 29th August, 2026 published in 'Business Standard' (English Language- All Editions) and 'Ekdin' (Bengali Language- Kolkata Edition), in respect of Notice of the 40th Annual General Meeting of the Company scheduled to be held on Tuesday, 22nd September, 2026 at 2:00 p.m. (IST) through Video Conferencing ('VC') / Other Audio-Visual Means ('OAVM') facility.

This is for your information and record.

For Burnpur Cement Limited

PUNAM KUMARI SHARMA
Digitally signed by PUNAM KUMARI SHARMA
Date: 2026.08.29 14:17:50 +05'30'

Punam Kumari Sharma
Company Secretary & Compliance Officer

Encl: As above

₹292 CRORE PACT VIA EMERGENCY PROCUREMENT ROUTE

India signs deal to buy US' Javelin anti-tank missiles

BHASWAR KUMAR
New Delhi, 28 August

India and the United States (US) have entered into a government-to-government agreement for the procurement of the Javelin anti-tank guided missile system for the Indian Army, the US Mission in India said in a release on Friday.

The number of missiles and launchers was not disclosed. A defence source, however, speaking on condition of anonymity, confirmed the development, adding that the missiles were being procured under the Emergency Procurement (EP) route at a cost of ₹292 crore.

"The United States welcomes the Indian Army's signing of a Letter of Offer and Acceptance (LOA) for the purchase of the Javelin anti-tank guided missile system through the US Foreign Military Sales process," said the US Mission in India, adding that this would open the door for "future collaboration between the US and Indian defence industries".

The Javelin is a medium-range, man-portable, shoulder-launched, fire-and-forget anti-tank weapon designed for infantry use FILE PHOTO: RTX/US ARMY

The LOA is a government-to-government agreement used by the US Government to transfer defence materiel and services to foreign governments and international organisations through the Foreign Military Sales process.

The Javelin agreement "also opens discussions on mutually beneficial co-production and additional opportunities to strengthen the defence industrial bases of both countries", added the US Mission release.

The system is produced by the Javelin Joint Venture, a partnership between US-headquartered defence and aerospace majors RTX Corporation and Lockheed Martin. A February 2025 company release had said that the Javelin Joint Venture was "exploring future co-assembly and co-production opportunities of the Javelin anti-tank weapon system in India" with potential Indian partners. It had also signed a memorandum of understanding with state-owned Bharat Dynamics Limited to evaluate the possibility of manufacturing the Javelin in India.

According to a November release by the US Defense Security Cooperation Agency, India was then looking to procure 100 FGM-148 Javelin rounds and 25 Javelin Lightweight Command Launch Units or Javelin Block 1 Command Launch Units. At the time, the US State Department had estimated that the missile system and related equipment could cost $45.7 million, when it approved the possible sale through the country's Foreign Military Sales process.

The package was expected to include trainers for the launch units, missile simulation rounds, operator manuals, lifecycle support and spare parts, as well as other logistics and support equipment and services.

The Javelin is a medium-range, man-portable, shoulder-launched, fire-and-forget anti-tank weapon designed for infantry use. It can also be mounted on vehicles, aircraft and watercraft. With a maximum range of more than 4,500 metres, it is intended primarily to engage tanks and other armoured systems, but can also be used against bunkers. Its fire-and-forget capability allows the operator to fire and immediately relocate or take cover.

Govt eases defence export rules, widens access to global market

MARTAND MISHRA
New Delhi, 28 August

The Ministry of Defence (MoD) on Friday simplified the Defence Export Standard Operating Procedure (SOP) and widened the Open General Export Licence (OGEL) framework to reduce procedural delays and provide defence manufacturers faster access to overseas markets.

The reforms, undertaken by the Department of Defence Production, remove stakeholder consultation for exports of non-lethal defence items to most destinations, while retaining safeguards for sensitive countries.

Consultation has also been removed for exports of all items for international tenders and exhibitions, allowing companies to pursue overseas opportunities more quickly.

The changes are aimed at helping Indian defence companies access overseas markets faster and respond more quickly to global business opportunities, while retaining safeguards for national security.

"The reforms move India's defence export regime towards a more comprehensive and facilitation-based system," the ministry said in a media statement, adding that safeguards for sensitive items, technologies and destinations would remain in place.

Fresh framework

- No stakeholder consultation for non-lethal defence exports and exports for international tenders and exhibitions
- Three existing open general export licence (OGEL) SOPs merged into a single framework
- OGEL validity increased from two to three years
- Country coverage expanded from 41 to all countries, except those with UN sanctions and embargoes

Major reforms

The key change is the expansion of OGEL, a one-time export authorisation that allows eligible exporters to self-generate authorisations for multiple consignments of specified defence items without seeking separate approval for each shipment. The government has merged three existing OGEL SOPs covering major platforms and equipment, parts and components, and intra-company transfer of technology into a single framework.

The validity of OGEL has also been increased from two to three years, while its coverage has been expanded from 41 countries to all countries, except those on the negative or sensitive list and those facing United Nations Security Council sanctions or arms embargoes.

"There are two big takeaways from the announcement, especially for innovative MSMEs. First, we are now free to showcase what we have made. Second, we can get one licence and have the world as our market. This means we can focus on innovation while the government takes care of the paperwork," said Abhishek Jain, co-founder of Pune-based smart and autonomous munitions manufacturing firm Zeus Numerix.

He emphasised how the simplified export process could allow smaller firms to focus more on developing products and less on navigating regulatory procedures.

A new provision also covers Indian companies with long-term contracts or agreements with foreign original equipment manufacturers (OEMs), with OGEL validity aligned with the contract, subject to conditions.

According to a notification issued by the DDP on Thursday, applicants seeking an OGEL must submit a valid Importer Exporter Code, certificates issued by Customs, declarations on sanction compliance, end-user checks and government inspection, along with an item-wise list of exports, destination countries and intended end use.

Before OGEL, defence exports generally required separate government authorisation for individual shipments, making repeat and regular exports slower.

The government introduced OGEL in 2019, following demands from exporters, to facilitate defence exports. It was designed as a one-time licence allowing companies to export specified items to specified countries during the licence period without seeking fresh permission for every shipment. The initial OGEL was valid for two years and covered selected allied countries.

The range of items eligible under OGEL has also been expanded, including civil use exports of specified parts and components of small-calibre arms and protective equipment.

Cong leaders slam Penguin India on Sonia memoir row

Several Congress leaders lashed out at Penguin Random House India Friday, accusing it of refusing to publish Sonia Gandhi's memoir in India with some claiming pressure was put on the publishing house to remove portions related to Prime Minister Narendra Modi, the RSS, and "the occupation of Indian territory by China during Modi's rule".

Their reaction came after Penguin Random House India issued a statement saying it is not the publisher of Gandhi's memoir "Belonging: A Journey of Love".

Earlier this month, American publisher Alfred A Knopf, an imprint of Penguin Random House, announced that the book would release on November 10.

"Penguin Random House India is not the publisher of Belonging in India. Any suggestion that Penguin Random House India decided not to publish Belonging because the author declined editorial changes does not accurately reflect the circumstances," Penguin India said. Its statement followed a report in the Indian Express which claimed that the publisher backed out after Gandhi refused "editorial changes" to the manuscript. PTI

ACCENT REGION

RAJASTHAN

Digital fertiliser sale system set for statewide expansion

ANIL SHARMA
Jaipur, 28 August

The Rajasthan government is expanding its 'Framework for Fertiliser Sale' system across the state in a phased manner, a senior official of the agriculture department said.

The system was launched to ensure timely, easy availability of fertilisers to farmers based on their actual needs and to curb black marketing, hoarding, and irregular distribution effectively.

"This digital technology-based system is making the entire process of fertiliser demand, availability, and distribution more transparent and accountable," the official said.

Agriculture Commissioner Naresh Kumar Goyal said that the system has been successfully implemented in the Sirohi and Rajsamand districts in July. "So far, more than 12,000 metric tonnes (mt) of fertiliser have been distributed to over 78,000 farmers in these two districts. The positive results obtained during the pilot project have validated the utility of this digital and farmer-centric distribution system."

He added that the pilot project, implemented in these districts since June 25, has enabled effective monitoring of the entire process — from fertiliser demand to availability and distribution. This has helped ensure that fertilisers reach genuine farmers.

UTTAR PRADESH

Faith tourism boosts housing, realty

VIRENDRA SINGH RAWAT
Lucknow, 28 August

Uttar Pradesh (UP), which tops the domestic tourist chart, is witnessing a substantial uptick in the demand for quality housing and commercial real estate in religious tourism hubs.

The prominent religious epicentres of Ayodhya, Varanasi, Prayagraj, Mathura, Mirzapur, Chitrakoot, etc are attracting both private and public-sector housing entities in droves following a sudden rise in faith tourism across the state.

According to the official data, investment in the formal real estate sector in the state's top faith tourism destinations increased by 66 per cent from ₹982 crore in the first half of calendar 2025 (H1CY25) to ₹1,631 crore in the corresponding period of 2026.

The number of housing units in Ayodhya, Mathura, Varanasi, Prayagraj and Mirzapur realty projects also jumped from 2,481 in H1CY25 to 3,867 units in H1CY26.

"The rapid development of the state's religious places is making a positive buzz," a senior UP official said.

‘ফোনটা আবার একবার বাজুক’

চোখের জলে দিন গুনছে নেপালে নিখোঁজ সন্দীপ গড়াইয়ের পরিবার

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: পূর্ব বর্ধমানের শিমডাল থেকে নেপাল, দূরত্বটা এখন যেন অসীম। একটিমাত্র ফোনের অপেক্ষায় প্রহর গুনছে একটি পরিবার। বারবার মোবাইলের পর্দার দিকে তাকিয়ে আছেন স্ত্রী তিথি গড়াই। যদি একবার ফোন আসে! যদি ওপার থেকে শোনা যায় পরিচিত সেই গলা, ‘আমি ভালো আছি।’ কিন্তু সেই ফোন আর আসছে না। নেপালের ভয়াবহ হড়পা বানের পর থেকেই নিখোঁজ পূর্ব বর্ধমানের শিমডালের বাসিন্দা, বছর ৪০-এর সন্দীপ কুমার গড়াই।

২০১৯ সাল থেকে কাজের সূত্রে নেপালে থাকেন সন্দীপ। সেখানে একটি জলবিদ্যুৎ প্রকল্পের কাজে যুক্ত ছিলেন তিনি। প্রতিদিনের মতো গত বুধবার, ২৬ অগস্ট সকালেও স্ত্রী তিথির সঙ্গে ফোনে কথা হয়েছিল তাঁর। সকাল ৮টা ১০ মিনিট নাগাদ ফোনে কথা বলার সময় সন্দীপ জানিয়েছিলেন, তিনি অফিসেই রয়েছেন। সেই কথাই যে শেষ কথা হয়ে থাকবে, তা ভাবতে পারেননি তিথি। তারপর কেটে গিয়েছে ঘণ্টার পর ঘণ্টা। কিন্তু আর কোনও ফোন আসেনি সন্দীপের। দুপুরে স্বামীর সঙ্গে কথা বলার জন্য ফোন করেন তিথি। কিন্তু তখন থেকেই সন্দীপের মোবাইল বন্ধ। প্রথমে বিষয়টিকে স্বাভাবিক বলেই ভেবেছিলেন পরিবারের সদস্যরা। কিন্তু নেপালে ভয়াবহ হড়পা বানের খবর সামনে আসতেই আশঙ্কা বাড়তে থাকে। বারবার ফোন করেও যখন কোনও সাড়া মেলেনি, তখন আতঙ্ক আরও গভীর হয়। তিথি জানান, ‘বুধবার সকালেই শেষ কথা হয়েছিল। তারপর থেকে ফোন বন্ধ। শুধু অপেক্ষা করছি, যদি ফোনটা একবার বাজে।’ কাঠমান্ডুতে সন্দীপের অফিসেও যোগাযোগ করেছে পরিবার। কিন্তু সেখান থেকেও এখনও তাঁর বিষয়ে নিশ্চিত কোনও তথ্য পাওয়া যায়নি। সন্দীপ উচ্চ মাধ্যমিক পর্যন্ত পড়াশোনা করেছেন। স্ত্রী তিথি এবং এক ছেলে রয়েছে তাঁর। শিমডালের স্কুলে অষ্টম শ্রেণিতে পড়ে ছেলে। বাবার অপেক্ষায় সেই ছেলের চোখও আজ পথ চেয়ে। ভোটের সময় শেষবার বাড়িতে এসেছিলেন সন্দীপ। কয়েকদিন পরিবারের সঙ্গে সময় কাটিয়ে ফের কর্মস্থল নেপালে ফিরে যান। তখন কে জানত, সেই ফেরাই পরিবারের কাছে এমন দুঃসহ অপেক্ষা হয়ে দাঁড়াবে! দুই ভাই ও তিন বোনের মধ্যে সন্দীপ ছিলেন ছোট ভাই। প্রসঙ্গত, বুধবার নেপালের রাসুয়া সীমান্তবর্তী এলাকায় ভয়াবহ হড়পা বানে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। জলের তোড়ে ক্ষতিগ্রস্ত হয়েছে একাধিক সেতু, রাস্তা, বসতি এবং জলবিদ্যুৎ প্রকল্প। বহু মানুষ নিখোঁজ হওয়ার খবর সামনে এসেছে। সেই নিখোঁজদের তালিকাতেই এখন উদ্বেগ নিয়ে নিজের স্বামীর নামের খোঁজ করছেন তিথি।

রাখির বন্ধনে সম্প্রীতির বার্তা, বীরভূম জুড়ে নানা কর্মসূচি

নিজস্ব প্রতিবেদন, সিউড়ি: রাখি পূর্ণিমাকে কেন্দ্র করে শুক্রবার ভ্রাতৃত্ব, সম্প্রীতি ও সৌহার্দ্যের বার্তা ছড়িয়ে পড়ল বীরভূমজুড়ে। দিদি- বোনেদের কাছ থেকে রাখি পরলেন রাজ্যের উচ্চশিক্ষামন্ত্রী তথা সিউড়ির বিধায়ক জগন্নাথ চট্টোপাধ্যায়। এদিন রাখি বন্ধনের তাৎপর্য তুলে ধরে তিনি বলেন, ‘বিজেপি সরকার মা-বোনেদের জন্য অন্নপূর্ণা ভাণ্ডার চালু করার কথা বলেছিল, তা ইতিমধ্যেই চালু হয়েছে। যোগ্যরা অগ্রাধিকার ভিত্তিতে এই সুবিধা পাবেন এবং প্রত্যেকেই এর আওতায় আসবেন।’ অন্নপূর্ণা ভাণ্ডারের আনন্দের কথা তুলে ধরে মন্ত্রী বলেন, ‘মা, দিদি ও বোনেরা এই সুবিধা পেয়েছেন, তাই সেই আনন্দের প্রতীক হিসেবে তারা অন্নপূর্ণা প্ল্যাকার্ড হাতে নিয়ে রাখি উৎসবে সামিল হয়েছেন। পাশাপাশি মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে তাঁর সিউড়ি সফরের আগের দিনই ইরিগেশন কলোনি থেকে সিউড়ি বাসস্ট্যান্ড পর্যন্ত পদযাত্রাও করেন তিনি। এদিন সিউড়ি-সহ বীরভূমের বিভিন্ন প্রান্তে রাখি বন্ধন উৎসব পালিত হয়। বিভিন্ন জনসংগঠন, স্বেচ্ছাসেবী সংস্থা, সাংস্কৃতিক প্রতিষ্ঠান, স্কুল এবং জেলা প্রশাসনের উদ্যোগে অনুষ্ঠিত হয় নানা কর্মসূচি।

জেলার বিভিন্ন ব্লকেও রাখি বন্ধন উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করা হয়। শুক্রবার সিউড়ি পৌরসভার গেটের কাছে ‘আর্ট অব লিভিং বীরভূম’-এর পক্ষ থেকে পথচলতি মানুষের হাতে রাখি পরিয়ে সম্প্রীতির বার্তা দেওয়া হয়। বীরভূম ট্রাফিক পুলিশের পক্ষ থেকেও সিউড়ি বাসস্ট্যান্ডে গাড়িচালক ও সাধারণ মানুষের হাতে রাখি পরানো হয়। স্বেচ্ছাসেবী সাংস্কৃতিক সংস্থা ‘প্রেরণা সিউড়ি বীরভূম’-এর পক্ষ থেকে সন্ধ্যায় সাংস্কৃতিক কর্মীদের হাতে রাখি পরিয়ে ভ্রাতৃত্ব ও সৌহার্দ্যের বার্তা দেওয়া হয়। পুরন্দরপুরেও রাখি বন্ধন উৎসব পালিত হয়। চুড়ি ২ নম্বর ব্লকের বিডিও এবং সাঁইথিয়ার বিধায়ক কৃষ্ণকান্ত সাহার উদ্যোগে বান্ধব সমিতির মাঠে আয়োজিত অনুষ্ঠানে সকলের হাতে রাখি বেঁধে সম্প্রীতি ও সৌভ্রাতৃত্বের বার্তা দেওয়া হয়। একইভাবে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সিউড়ি হাটজনবাজার শাখার উদ্যোগেও রাখি পরিয়ে সম্প্রীতির বার্তা তুলে ধরা হয়। ভাই-বোনের পারস্পরিক ভালোবাসা ও সুরক্ষার প্রতীক হিসেবে পালিত রাখি পূর্ণিমার ঐতিহ্য বহু প্রাচীন। আধুনিক সময়ে সেই পারিবারিক সম্পর্কের গণ্ডি পেরিয়ে রাখি সামাজিক সম্প্রীতি, ভ্রাতৃত্ব এবং মানুষের মধ্যে পারস্পরিক আস্থা ও সৌহার্দ্যের প্রতীক হয়ে উঠেছে।

রাখি পরিয়ে খোকা ইলিশ বাঁচানোর বার্তা

নিজস্ব প্রতিবেদন, বাগনান: শুক্রবার রাখী পূর্ণিমা দিন রাজ্যের বিভিন্ন জায়গায় পালিত হয়েছে রাখি উৎসব। এবার অভিনব উপায়ে রাখি উৎসব পালন করতে দেখা গেল বিজেপি কর্মীদের। জানা গিয়েছে, হাওড়ার বাগনান থানা এলাকার মানকুর বাজারে এদিন বিকেলে দেখা গিয়েছে ছোট ইলিশ বিক্রি হতে। যাদের ওজন ১০০ গ্রামের কাছাকাছি। এই ধরনের ইলিশ বিক্রি নিষিদ্ধ থাকলেও বিগত সরকার এটি নিয়ে তেমন একটা হেলদোল রাখেনি। এবার তাই ছোট ইলিশকে রাখি পরিয়ে ছোট ইলিশ সংরক্ষণের অভিনব বার্তা দিল বিজেপি কর্মীরা। নেতৃত্ব দেন বিজেপি যুব মোর্চার প্রাক্তন সভাপতি সোমনাথ ঘোষ। পাশাপাশি মহিলা ব্যবসায়ীরা এই ধরনের ছোট ইলিশ ধরা যে নিষিদ্ধ তা জানতেন না বলেও জানিয়েছেন। তবে বিজেপি কর্মীদের এই ধরনের অভিনব রাখি উৎসব পরিবেশ কর্মীদের মন ছুঁয়ে গেছে।

নেপালে নিখোঁজ চন্দননগরের শিক্ষিকা শিপ্রা রায় পাটারি

নিজস্ব প্রতিবেদন, হুগলি: কোনও মতেই তাঁর সঙ্গে যোগাযোগ করতে পারছেন না বাড়ির লোকজন। এই নিয়ে উদ্বেগ বাড়ছে পরিবারে। তাঁরা চাইছেন, দ্রুত সুস্থ শরীরে বাড়িতে ফিরে আসুন শিপ্রা রায়। বেড়ানোর টানেই নেপাল বেড়াতে গিয়েছিলেন চন্দননগরের অবসরপ্রাপ্ত শিক্ষিকা শিপ্রা রায় পাটারি। তবে হড়পা বানের পর থেকেই নিখোঁজ তিনি। হড়পা বান এবং ভুমিধসে বিপর্যস্ত নেপাল। এই বিপর্যয় নামার ঠিক আগেই কলকাতার একটি ভ্রমণ সংস্থার সঙ্গে নেপাল গিয়েছিলেন সিঙ্গুর গোলাপ মোহিনী স্কুলের প্রাক্তন শিক্ষিকা শিপ্রা রায় পাটারি। ইতিহাস পড়াতেন। মাস কয়েক আগেই অবসর নেন তিনি। তাঁর স্বামী রবীন পাটারিও একজন অবসরপ্রাপ্ত শিক্ষক। এক সঙ্গে যাওয়ার কথা ছিল চন্দননগর পুরসভার তিন নম্বর হরিদ্রাডাঙ্গা পূর্বপাড়া বাসিন্দা এই দম্পতির। তবে



বয়সজনিত কারণে যেতে পারেননি রবীন পাটারি। ওই ভ্রমণ সংস্থার মাধ্যমে, অন্য আরও কয়েকজনের সঙ্গে, গত ২১ অগস্ট নেপাল গিয়েছেন শিপ্রা। তাঁদের ফেরার কথা আগামী ৬ সেপ্টেম্বর। শিপ্রা রায়ের ভাই অখিল রায় জানান, বুধবার রাত সাড়ে ৮টা নাগাদ পরিবারের সঙ্গে শেষ কথা হয় তাঁর দিদির। তাঁদের অনুমান, অনুমতির জন্য চিনা বর্ডারে গিয়েছিলেন শিপ্রা এবং অন্যরা। হড়পা বান নেমে আসার সময়ে বাসে করে ওই এলাকায় গিয়েছিলেন তাঁরা। অখিল রায় বলেন, ‘এরপর থেকেই আমরা আর কোনও খবর পাচ্ছি না। ওই ভ্রমণ সংস্থাও চেষ্টা করছে, খোঁজ নিচ্ছে। আমরা খুবই দুশ্চিন্তার মধ্যে আছি।’ অখিল জানিয়েছেন, বৃহস্পতিবারই ওই ভ্রমণ সংস্থার তরফে তাঁদের জানানো হয়েছে, ৩২ জনের মধ্যে একজনকে উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়েছে। তবে তাঁর অবস্থা কেমন তা জানা নেই। অন্যদেরও কোনও খবর নেই। এর পর থেকেই দুঃশ্চিন্তা আরও বেড়েছে পরিবারের। নেপালে বেড়াতে গিয়ে নিখোঁজ হয়ে যাওয়া রাজ্যের বাসিন্দাদের খোঁজ পাওয়ার জন্য সব রকমের চেষ্টা করছে রাজ্য সরকার বলে জানিয়েছেন চন্দননগরের বিধায়ক দীপাঞ্জন গুহ।

নেপাল বিপর্যয়ে যোগাযোগ বিচ্ছিন্ন ভদ্রকালীর বিশ্বাস দম্পতির

নিজস্ব প্রতিবেদন, হুগলি: উত্তরপাড়ার ভদ্রকালী এলাকার পানপাড়া বাইলেনের বাসিন্দা ক্ষিতীশ বিশ্বাস ও তাঁর স্ত্রী মমতা বিশ্বাসের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যাওয়ায় উদ্বেগে পরিবার, প্রতিবেশী ও পরিচিতরা। কৈলাস-মানস সরোবর যাত্রায় নেপালে গিয়ে নিখোঁজ উত্তরপাড়ার এক দম্পতি। বর্তমানে তাঁদের বাড়িতে তালা ঝুলছে। বুধবার তাঁদের খোঁজে পুলিশ বাড়িতে এসেছিল বলে জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা। জানা গিয়েছে, গত ২১ আগস্ট কলকাতার একটি ভ্রমণ সংস্থার সঙ্গে কৈলাস-মানস সরোবর যাত্রায় নেপালের উদ্দেশে রওনা হন ক্ষিতীশ ও মমতা। এরপর নেপালে ভয়াবহ বৃষ্টিপাত, হড়পা বান ও প্রাকৃতিক দুর্যোগের পরিস্থিতির মধ্যে তাঁদের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। তারপর থেকেই তাঁদের কোনও সন্ধান পাওয়া যাচ্ছে না। স্থানীয়দের দাবি, কয়েক বছর আগে মাত্র ১৮ বছর বয়সে পথ দুর্ঘটনায় তাঁদের একমাত্র মেয়ের মৃত্যু হয়। সেই ঘটনার পর থেকেই অনেকটা গুটিয়ে নিয়েছিলেন এই দম্পতি। ক্ষিতীশবাবু রেলে কর্মরত ছিলেন। চাকরির মেয়াদ শেষ হওয়ার আগেই তিনি স্বেচ্ছাবসর নেন। এরপর স্ত্রীকে সঙ্গে নিয়ে বিভিন্ন জায়গায় ঘুরতে যেতেন। বেশিরভাগ সময় পুজার্চনা ও ধর্মীয় কাজে কাটাতেন তাঁরা। বিদেশ মন্ত্রকের তরফে জানানো হয়েছে, নেপালে এখনও বহু ভারতীয় নিখোঁজ বা যোগাযোগ বিচ্ছিন্ন অবস্থায় রয়েছেন। পশ্চিমবঙ্গেরও বেশ কয়েকজন বাসিন্দার সঙ্গে এখনও যোগাযোগ করা সম্ভব হয়নি। নবান্নের তরফে জানানো হয়েছে, পশ্চিমবঙ্গ থেকে নেপালে যাওয়া ৩২ জনের সঙ্গে এখনও যোগাযোগ স্থাপন করা সম্ভব হয়নি। তাঁদের নাম ও ঠিকানার তালিকাও প্রকাশ করা হয়েছে। এই পরিস্থিতিতে উত্তরপাড়ার ক্ষিতীশ বিশ্বাস ও মমতা বিশ্বাসের নিরাপত্তা নিয়ে উৎকণ্ঠায় তাঁদের প্রতিবেশীরা। দুর্যোগপূর্ণ পরিস্থিতির মধ্যে নিখোঁজ এই দম্পতি কোথায় রয়েছেন, তাঁরা নিরাপদে আছেন কি না সেই খবরের অপেক্ষাতেই রয়েছেন তাঁদের প্রতিবেশীরা।

ব্যবসায়ীর গলাকাটা দেহ উদ্ধার মালদায়

নিজস্ব প্রতিবেদন, মালদা: শোবার ঘর থেকে গলাকাটা ব্যবসায়ীর মৃতদেহ উদ্ধার করল পুলিশ। শুক্রবার সকাল ৯ টা নাগাদ চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে ইংরেজবাজার পুরসভার ৪ নম্বর ওয়ার্ডের আভিজাত্যও এলাকা হিসেবে পরিচিত ২ নম্বর গভর্নমেন্ট কলোনিতে। কলকাতার যাদবপুরেই হলুদের ব্যবসার সঙ্গে যুক্ত মৃত ওই ব্যক্তি বৃহস্পতিবার রাতেই তিনি মালদায় নিজের বাড়িতে এসেছিলেন। এমনকি রাতে ওই ব্যবসায়ী তার ভাইদের সঙ্গেও কথা বলেছিলেন। এরপরই এদিন একতলায় শোবার ঘরেই ওই ব্যবসায়ীর গলার শ্বাসনালী কাটা অবস্থায় দেহ উদ্ধার হয়। এই ঘটনার পর ইংরেজবাজার থানার বিশাল পুলিশ বাহিনী তদন্তে এসে পৌঁছায়। কিন্তু প্রতিবেশীর একটি বাড়িতে সিসি ক্যামেরা বিকল থাকায় দুষ্কৃতীদের সনাক্ত করতে পারে নি তদন্তকারী পুলিশ কর্তারা। তবে মৃতদেহের পাশের টেবিল থেকে দুটি চায়ের কাপ উদ্ধার হয়েছে। এমনকি রান্নাঘরে ইন্ডাকশন কুকার অন অবস্থায় ছিল। সেই রান্নাঘরের বেসিনেও রক্তমাখা ছিল। তাতেই পুলিশের অনুমান খুনের পর দুষ্কৃতীরা রক্তমাখা হাত ধুয়েছে। মৃত ব্যবসায়ীর ডান হাতে টাটকা ফুলের রাখিপড়ানো অবস্থায় ছিল। এই দুই নম্বর গভর্নমেন্ট কলোনি এলাকাটি সব সময় জাঁকজমক থাকে। কিন্তু দোতলা এবং তিনতলায় থাকা মৃত ব্যবসায়ীর দুই ভাই ও তার পরিবার নিচতলায় খুনের বিষয়ে কোনো চিৎকার চেঁচামেচি আওয়াজ কিছুই জানতে পারলো না। সেটাই তদন্তকারী পুলিশকর্তাদের ভাবিয়ে তুলেছে। যদিও এই খুনের ঘটনায় ব্যবহৃত অস্ত্রটি উদ্ধার করতে পারে নি তদন্তকারী পুলিশ কর্তারা।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃতের নাম অর্ণব সেন ওরফে পল্টু (৫৮)। তিনি অবিবাহিত ছিলেন এবং কলকাতায় তার কাঁচা হলুদের ব্যবসা রয়েছে। ব্যবসায়িক কারণে মূলত কলকাতা যাদবপুরে নিজের একটি ফ্ল্যাটে থাকতেন অর্ণব। পাশাপাশি ২ নম্বর গভর্নমেন্ট কলোনিতে তার পৈত্রিক ভিটে রয়েছে। মৃত ওই ব্যবসায়ীরা তিন ভাই। দুই ভাই দোতলা এবং তিনতলায় থাকে। মেজো ভাই অর্ণব বাড়ির এক পাশের একতলায় মাঝেমধ্যেই কলকাতা থেকে এসে থাকতেন। বৃহস্পতিবার ওই ব্যবসায়ী কলকাতা থেকে মালদার বাড়িতে এসেছিলেন। এরপর এদিন সকাল নয়টা নাগাদ দাদাকে ডাকতে গিয়েই ছোট ভাই সুকৃতি সেন দেখেন শোবার ঘরের দরজা খোলা। ঘরের আলমারি ভাঙা এবং জিনিসপত্র সমস্ত কিছু ওলোট-পালোট হয়ে রয়েছে। সোফাতে অর্ণবের রক্তাক্ত দেহ পড়ে রয়েছে। এমনকি বালিশেও রক্তমাখা ছিল। এরপরই গোটা এলাকা জুড়ে হইচই পড়ে যায়। খবর পেয়ে ইংরেজবাজার থানার বিশাল পুলিশ বাহিনী তদন্তে আসে।

বিভিন্নভাবে তদন্তের পর পুলিশ জানতে পেরেছে, মৃত ব্যবসায়ী অর্ণবের এক সম্পর্কিত দিদি ইংরেজবাজার থানার মহদীপুর এলাকায় থাকে। তার দেখভালের দায়িত্ব ছিল ওই ব্যবসায়ীর ওপর। এছাড়াও কলকাতার এক ডান্স বারের নর্তকীর সঙ্গেও ঘনিষ্ঠতা ছিল অর্ণবের। সংশ্লিষ্ট এলাকার কেউ কেউ ওই নর্তকীকে মালদার বাড়িতে অর্ণবকে আনতেও দেখেছে। পুলিশ জানিয়েছে, এই খুনের ঘটনার পিছনে অবশ্যই মহিলা জনিত এবং সম্পত্তি , টাকা-পয়সার বিষয় যুক্ত রয়েছে। ৪ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর অশোক সাহা জানিয়েছেন, ‘মৃতের এক ভাই এদিন সকালে আমাকে ফোন করে ঘটনার কথা বলে। ওর তো কোনও শত্রু ছিল না। কিন্তু এত বড় ঘটনা কোনও সাড়া শব্দই বাড়ির বাইরে কেউ পেল না সেটাই সকলকে অবাক করে দিয়েছে।’

মালদার ডিএসপি (আইন-শৃঙ্খলা) লিওন তামাং জানিয়েছেন, প্রাথমিকভাবে মনে করা হচ্ছে সকালেই খুনের ঘটনাটি ঘটে থাকতে পারে। এই ঘটনায় পরিচিত কেউ জড়িত রয়েছে বলে সন্দেহ করা হচ্ছে। ইতিমধ্যে পুরো বিষয়টি নিয়ে তদন্ত শুরু করা হয়েছে।

পরীক্ষার চাপের জের ?

ডাক্তারি পড়ুয়ার ঝুলন্ত দেহ উদ্ধার

নিজস্ব প্রতিবেদন, কাঁকসা: পরীক্ষার মানসিক চাপ সহ্য করতে না পেরে চরম পথ বেছে নিলেন এক প্রথম বর্ষের ডাক্তারি পড়ুয়া। রাজবাঁধের এক বেসরকারি হাসপাতালের হোস্টেল ঘর থেকে ঝুলন্ত অবস্থায় উদ্ধার হলো ২১ বছর বয়সী ছাত্র অভিষেক কুমারের দেহ। বাড়ি বিহারের সিতামারীতে। মর্মান্তিক এই ঘটনাটি ঘটেছে শুক্রবার দুপুরে।

পুলিশ ও হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, নিহত অভিষেক ওই বেসরকারি চিকিৎসা শিক্ষাপ্রতিষ্ঠানের প্রথম বর্ষের ছাত্র ছিলেন। এদিন দুপুরে তাঁর এক সহপাঠী ঘরের বাইরে যান। কিছু সময় পর ফিরে এসে তিনি দেখতে পান ভেতর থেকে ঘর বন্ধ রয়েছে। বারবার ডাকাডাকি করলেও অভিষেকের কোনও সাড়া না মেলায় সন্দেহ হয় সহপাঠীর। তৎক্ষণাৎ তিনি বিষয়টি হোস্টেল কর্তৃপক্ষ ও অন্য সহপাঠীদের জানান। সকলে মিলে দ্রুত ঘটনাস্থলে এসে দরজার লক ভেঙে ভেতরে ঢোকেন এবং অভিষেককে গলায় ফাঁস দেওয়া অবস্থায় ঝুলতে দেখেন। ঘটনার পরই তড়িঘড়ি তাঁকে উদ্ধার করে সংলগ্ন বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তবে সেখানে কর্মরত চিকিৎসকরা পরীক্ষা-নিরীক্ষার পর তাকে মৃত বলে ঘোষণা করেন। হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, খবর পাওয়া মাত্রই দ্রুত উদ্ধারকাজ চালিয়ে তাঁকে জরুরী বিভাগে নিয়ে আসা হলেও শেষ রক্ষা হয়নি। মৃত্যুর সুনির্দিষ্ট কারণ নিয়ে এখনও নিশ্চিত করে কিছু বলা না গেলেও হাসপাতাল কর্তৃপক্ষের প্রাথমিক অনুমান, সামনেই গুরুত্বপূর্ণ পরীক্ষা ছিল অভিষেকের। সম্ভবত পরীক্ষার অতিরিক্ত মানসিক চাপ সহ্য করতে না পেরেই চরম মানসিক অবসাদে ভুগছিলেন তিনি, যা তাঁকে এই সিদ্ধান্ত নিতে বাধ্য করে। পুলিশ পৌঁছে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানোর পাশাপাশি ঘটনার নেপথ্যে অন্য কোনও কারণ রয়েছে কি না, তা খতিয়ে দেখতে তদন্ত শুরু করেছে।